

পদার্থবিজ্ঞান বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. এম. আলী আসগর এর বর্ণাঢ্য জীবন



জন্ম ৮/০২/১৯৩৯ – মৃত্যু ১৬/০৭/২০২০

বাংলাদেশের বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, গবেষক, জনপ্রিয় বিজ্ঞান লেখক, সংগঠক ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. এম. আলী আসগর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ১৬/০৭/২০২০ তারিখ, বৃহস্পতিবার ভোরে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। ব্যক্তিগত জীবনে তিনি স্ত্রী, ২ পুত্র, ১ পুত্রবধু এবং ১ নাতনী রেখে গেছেন। আমরা পদার্থবিজ্ঞান বিভাগ, বুয়েট পরিবার তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত এবং আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি ও তাঁর শোকসন্তপ্ত পরিবার যেন এই অপূরণীয় ক্ষতি কাটিয়ে উঠতে পারে এই প্রার্থনা করছি।

অধ্যাপক ড. এম. আলী আসগর সিরাজগঞ্জ জেলার অন্তর্গত শাহজাদপুর উপজেলার চর নুরিনায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পাবনা এডওয়ার্ড কলেজ থেকে এইচএসসি পাসের পর অধ্যাপক ড. এম. আলী আসগর যথাক্রমে ১৯৬০ এবং ১৯৬২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞানে বিএসসি (অনার্স) এবং এমএসসি ডিগ্রী এবং ১৯৭০ সালে যুক্তরাজ্যের সাউথাম্পটন বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞানে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি কমনওয়েলথ স্টাফ ফেলোশিপ নিয়ে সাউথাম্পটন বিশ্ববিদ্যালয়ে গবেষণা করেন। এছাড়াও রিসার্চ ফেলো হিসেবে ICTP, Italy এবং IPPS, Uppsala University, Sweden এর সাথে গবেষণায় যুক্ত ছিলেন। অধ্যাপক ড. এম. আলী আসগর ১৯৬২ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার ব্রত নিয়ে কর্মজীবন শুরু করে ধারাবাহিকভাবে পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক, বিভাগীয় প্রধান, প্রকৌশল অনুষদের ডীন এবং বুয়েটের সিন্ডিকেট সদস্যসহ বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রেস্টিজিয়াস রশিদ চেয়ার এর প্রফেসর পদেও আসীন ছিলেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে পুরোপুরি অবসরে যাওয়ার পর তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয়সহ আরো অনেক শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিজেই আমৃত্যু যুক্ত রেখেছিলেন।

অধ্যাপক ড. এম. আলী আসগর সুইডেনের Uppsala University এবং IPPS এর সহযোগিতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে একটি আধুনিক মানের ম্যাগনেটিজম ল্যাবরেটরি প্রতিষ্ঠা করেন যেখানে বর্তমানে ম্যাগনেটিজম এর উপর উচ্চ শিক্ষা গবেষণা অব্যাহত আছে। পাশাপাশি নিরলস কাজ করে ম্যাগনেটিজম এর উপর গবেষণা সুবিধা সৃষ্টি, দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ম্যাগনেটিজম এর উপর পারস্পরিক সহযোগিতার জন্য Dhaka Materials Science Group সৃষ্টি করেন। IPPS এর সহযোগিতায় স্নাতোকোত্তর পর্যায়ে পারস্পরিক গবেষণা সম্পর্কোন্নয়নের মাধ্যমে ভিয়েতনাম এর University of Hanoi এর Center for Materials Science (CMS) এবং Hanoi

University of Technology (HUT) তে magnetic alloys, ferrites, magnetic thin films, amorphous magnetic materials and nano-structured materials ইত্যাদি বিষয়ে গবেষণা করেছেন। অধ্যাপক ড. এম. আলী আসগর Proceedings of Royal Society, Physical Review, Physical Review Letters, Journal of Magnetism and Magnetic Materials, Thermochemica Acta, Journal of Alloys and Compounds, Indian Journal of Physics, Journal of Bangladesh Academy of Sciences, Nuclear Science and Applications, Bangladesh Journal of Physics ইত্যাদি দেশীয় এবং আন্তর্জাতিক জার্নালে ৮০টির অধিক বিজ্ঞান গবেষণা ফলাফল প্রকাশ করেন।

অধ্যাপক ড. এম. আলী আসগর তাঁর বর্ণাঢ্য কর্মজীবনে ১। সদস্য, জাতীয় শিক্ষা কমিটি (১৯৯৭), ২। আহ্বায়ক, বিজ্ঞান শিক্ষা এবং গবেষণা উপকমিটি, ৩। আহ্বায়ক, বাংলাদেশের প্রযুক্তি নীতি পুনঃমূল্যায়ন কমিটি, ৪। সদস্য, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিচালনা কমিটি, ৫। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য (চ্যান্সেলর কর্তৃক নির্বাচিত), ৬। সভাপতি, বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি ইত্যাদি বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি, বাংলাদেশ একাডেমী অফ সাইন্সসহ বিভিন্ন আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানের ফেলো ছিলেন।

অধ্যাপক ড. এম. আলী আসগর বিজ্ঞান গবেষণা, সার্বজনীন বিজ্ঞান শিক্ষা এবং শিক্ষার মানোন্নয়নের উপর ২০টি বই লিখেছেন। এর মধ্যে রয়েছে সময় প্রসঙ্গে, ভাষা ও বিজ্ঞান, বিজ্ঞান প্রতিদিন, বিজ্ঞানের বিচিত্র জগৎ থেকে, বিজ্ঞানের মজার প্রজেক্ট, বিজ্ঞান ও সমাজ, বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের পথে, পরিবেশ ও বিজ্ঞান, বিজ্ঞানের দিগন্তে, বিজ্ঞান আন্দোলন উল্লেখযোগ্য। তিনি বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক এবং সাময়িকিতে বিজ্ঞান জনপ্রিয়করণ এবং মানুষের মধ্যে সহজবোধ্য করে উপস্থাপনের জন্য ৫০০ এর অধিক কলাম, আর্টিকেলস লিখেছেন। স্কুল, কলেজের শিক্ষার্থীদের জন্য পুরো বাংলাদেশ জুড়ে উদ্ভাবনী বিজ্ঞান শিক্ষার জন্য জাতীয় বিজ্ঞান সপ্তাহ প্রোগ্রাম এর প্রস্তাবনা প্রণয়ন করেন। বিজ্ঞানের উপর বিভিন্ন সরকারী এবং বেসরকারী টেলিভিশন ও রেডিও ইত্যাদি ইলেক্ট্রনিক মিডিয়ায় শতাধিক প্রোগ্রাম করেন। দেশব্যাপি বিজ্ঞান ক্লাব "খেলাঘর" কার্যক্রমের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে শিশুদের জন্য শত শত উদ্ভাবনী বিজ্ঞান প্রকল্প লিখেছেন। অধ্যাপক ড. আসগর তাঁর শিশুতোষ লেখনির স্বীকৃতিস্বরূপ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার এবং শিশু একাডেমি শিশু সাহিত্য পুরস্কার লাভ করেন। বাংলাদেশে বিজ্ঞান গবেষণা, বিজ্ঞানের প্রসার এবং জনপ্রিয়করণের কাজের স্বীকৃতিস্বরূপ তিনি ডঃ মনিরুজ্জামান স্বর্ণপদক, ডঃ কুদরত-ই-খুদা স্বর্ণপদক, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন স্বর্ণপদক এবং মার্কেন্টাইল ব্যাংক স্বর্ণপদক অর্জন করেন। তাঁর কর্মময় জীবন বাংলাদেশের বিজ্ঞান অনুরাগীদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে।



Dr. Md. Rafi Uddin
Professor & Head
Department of Physics
BUET, Dhaka-1000